রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, অক্টোবর ১৪, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯ আশ্বিন ১৪৩২/ ১৪ অক্টোবর ২০২৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.২৪.২৪০—স্থানীয় সরকার বিষয়ক সংস্কার কমিশনের চেয়ারম্যান, স্থানীয় সরকার বিশেষজ্ঞ, গবেষক অধ্যাপক ড. তোফায়েল আহমেদ গত ৮ অক্টোবর ২০২৫ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর।

২। জনাব তোফায়েল আহমেদ ১৯৫৫ সালে চট্টগ্রাম জেলায় জন্মগ্রহণ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে রাজনীতি ও প্রশাসনে স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। এছাড়া, তিনি ১৯৮১ সালে সোয়ানসি বিশ্ববিদ্যালয় হতে সামাজিক খাত পরিকল্পনা ও ব্যবস্থাপনায় দ্বিতীয় স্নাতকোত্তর ডিগ্রি অর্জন এবং ১৯৯১ সালে উন্নয়ন অধ্যয়নে পিএইচডি ডিগ্রি লাভ করেন।

৩। বর্ণাঢ্য কর্মময় জীবনে অধ্যাপক ড. তোফায়েল আহমেদ দেশের প্রশাসনিক বিকেন্দ্রীকরণ, জবাবদিহিমূলক স্থানীয় সরকার ব্যবস্থা ও গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আমৃত্যু কাজ করে গেছেন। তাঁর পেশাদারিত্ব, প্রশাসনিক প্রাজ্ঞতা ও সুতীক্ষ্ণ যুক্তিবোধ সর্বজনবিদিত। তিনি ২০২৪ সালের অক্টোবরে মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের গঠিত নির্বাচন সংস্কার কমিশনের সদস্য মনোনীত হন এবং পরবর্তী সময়ে স্থানীয় সরকার সংস্কার কমিশনের চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব গ্রহণ করেন। দেশের স্থানীয় সরকার কাঠামো ও প্রশাসনিক সংস্কারে তাঁর গবেষণা, চিন্তা ও দিকনির্দেশনা প্রাসঙ্গিক ও অনুপ্রেরণাদায়ক।

৪। অধ্যাপক ড. তোফায়েল আহমেদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর রূহের মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে উপদেষ্টা পরিষদের ২৪ আশ্বিন ১৪৩২/ ৯ অক্টোবর ২০২৫ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৫। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব


মূল্য : টাকা ৪.০০

## উপদেষ্টা পরিষদের শোকপ্রস্তাব

ঢাকা: ২৪ আশ্বিন ১৪৩২ / ৯ অক্টোবর ২০২৫

স্থানীয় সরকার বিষয়ক সংস্কার কমিশনের চেয়ারম্যান, স্থানীয় সরকার বিশেষজ্ঞ, গবেষক অধ্যাপক ড. তোফায়েল আহমেদ গত ৮ অক্টোবর ২০২৫ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর।

জনাব তোফায়েল আহমেদ ১৯৫৫ সালে চট্টগ্রাম জেলায় জন্মগ্রহণ করেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে রাজনীতি ও প্রশাসনে স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। এছাড়া, তিনি ১৯৮১ সালে সোয়ানসি বিশ্ববিদ্যালয় হতে সামাজিক খাত পরিকল্পনা ও ব্যবস্থাপনায় দ্বিতীয় স্নাতকোত্তর ডিগ্রি অর্জন এবং ১৯৯১ সালে উন্নয়ন অধ্যয়নে পিএইচডি ডিগ্রি লাভ করেন।

বর্ণাঢ্য কর্মময় জীবনে অধ্যাপক ড. তোফায়েল আহমেদ দেশের প্রশাসনিক বিকেন্দ্রীকরণ, জবাবদিহিমূলক স্থানীয় সরকার ব্যবস্থা ও গণতান্ত্রিক শাসন প্রতিষ্ঠার লক্ষ্যে আমৃত্যু কাজ করে গেছেন। তাঁর পেশাদারিত্ব, প্রশাসনিক প্রাজ্ঞতা ও সুতীক্ষ্ণ যুক্তিবোধ সর্বজনবিদিত। তিনি ২০২৪ সালের অক্টোবরে মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের গঠিত নির্বাচন সংস্কার কমিশনের সদস্য মনোনীত হন এবং পরবর্তী সময়ে স্থানীয় সরকার সংস্কার কমিশনের চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব গ্রহণ করেন। দেশের স্থানীয় সরকার কাঠামো ও প্রশাসনিক সংস্কারে তাঁর গবেষণা, চিন্তা ও দিকনির্দেশনা প্রাসঙ্গিক ও অনুপ্রেরণাদায়ক।

উপদেষ্টা পরিষদ অধ্যাপক ড. তোফায়েল আহমেদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর রূহের মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd